এক ব্যক্তি আরাফায় অবস্থান করছিল হটাৎ সে তার উটের পিঠ থেকে পড়ে গেল, ফলে উট তার ঘাড় ভেঙ্গে দিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে কুলপাতা মিশ্রিত পানি দিয়ে গোসল দাও, তার দুই কাপড়েই কাফন দাও এবং তার মাথা অনাবৃত রাখ। কারণ, আল্লাহ তা’আলা ক্বিয়ামাতের দিন তাকে তালবিয়াহ পাঠরত অবস্থায় উঠাবেন।

আব্দুল্লাহ ইবনু ‘আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত: “এক ব্যক্তি আরাফায়
অবস্থান করছিল হটাৎ সে তার উটের পিঠ থেকে পড়ে গেল, ফলে উট তার ঘাড় ভেঙ্গে দিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে কুলপাতা মিশ্রিত পানি দিয়ে গোসল দাও,
তার দুই কাপড়েই কাফন দাও এবং তার মাথা অনাবৃত রাখ। কারণ, আল্লাহ তা’আলা ক্বিয়ামাতের
দিন তাকে তালবিয়াহ পাঠরত অবস্থায় উঠাবেন।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এক সাহাবী বিদায়ী হজে এহরাম অবস্থায় আরাফায় তার উটের পিঠে অবস্থান করছিল। হঠাৎ সে তা থেকে পড়ে গেল। ফলে তার ঘাড় ভেঙ্গে গেল এবং সে মারা গেল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দেশ দিলেন যে, তাকে যেন অন্যান্য মৃতের মতো কুল পাতার পানি দিয়ে গোসল দেওয়া হয় এবং তাকে তাকে যেন তার চাদর ও লুঙ্গি যা দ্বারা সে ইহরাম বেঁধেছিল সে দুই কাপড়েই কাফন দেওয়া হয়। কারণ, সে হজের উদ্দেশ্যে ইহরাম বাঁধছে এবং ইবাদাতের প্রভাব এখনোও তার সাথে অবশিষ্ট আছে। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে খুশবু লাগাতে এবং তার মাথা ডাকতে নিষেধ করেছেন। আর তার হিকমত সম্পর্কে বর্ণনা করেন যে, তিনি যে অবস্থায় মারা গিয়েছেন আল্লাহ তা’আলা ক্বিয়ামাতের দিন তাকে সে অবস্থায় উঠাবেন। আর তা হলো তালবিয়াহ পাঠরত অবস্থা যা হজের নির্দশন।

https://sunnah.global/hadeeth/bn/show/3180